কালের কণ্ঠ

তারিখ 24 JAN 2016
পৃষ্ঠা ... কলাম ...

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

বিজ্ঞান অনুষদ

## অধিভুক্ত কলেজ/ইনস্টিটিউটে ১ম বর্ষ বিএসসি (অনার্স) ইন ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

**শিক্ষাবর্ষ : ২০১৫-২০১৬ (১ম সেমিস্টার-জানুয়ারি, ২০১৬)**

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত বিজ্ঞান অনুষদের অধীনে চিটাগাং ইনস্টিটিউট অব ফ্যাশন এন্ড টেকনোলজি, বাংলাদেশ চা বোর্ড ভবন, ১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড, চট্টগ্রাম এবং রোড নং-২, বাড়ী-২৭, ও আর নিজাম রোড, জিইসি, চট্টগ্রাম-এ ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ৪(চার) বছর মেয়াদী সেমিস্টার পদ্ধতিতে ১ম বর্ষ বিএসসি (অনার্স) ইন ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি কোর্সে (১ম সেমিস্টার-জানুয়ারি, ২০১৬) ভর্তির জন্য যোগ্যতাসম্পন্ন ভর্তিচ্ছুদের কাছ থেকে নির্ধারিত ফরমে আদেনপত্র আহ্বান করা যাচ্ছে।

১। আবেদন ফরম চ.বি. বিজ্ঞান অনুষদ থেকে সংগ্রহ করতে হবে অথবা চ.বি. ওয়েবসাইট (www.cu.ac.bd) থেকে ডাউনলোড করা যাবে। অগ্রণী ব্যাংক, চ.বি. শাখার অনুকূলে ও ডিন, বিজ্ঞান অনুষদ, চ.বি. বরাবর অগ্রণী ব্যাংক এর যে কোন শাখা থেকে ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার ও প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র বিজ্ঞান অনুষদের ডিন অফিস বা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে ২৪ জানুযারি, ২০১৬ তারিখ থেকে ১১ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখের মধ্যে অফিস সময়ে জমা দিয়ে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

২। (ক) ভর্তির যোগ্যতা : যে সকল ছাত্র/ছাত্রী বাংলাদেশের যে কোন শিক্ষা বোর্ডের অধীনে ২০১১ থেকে ২০১৩ সালের মধ্যে মাধ্যমিক বা সমমান পরীক্ষা ও ২০১৪ বা ২০১৫ সালে উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষা যে কোন শাখায় (বিজ্ঞান গ্রুপ থেকে উত্তীর্ণদের অগ্রাধিকার দেয়া হবে) উত্তীর্ণ হয়েছে তারা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে।

এ অনুষদের অধীনে অধিভুক্ত চিটাগাং ইনস্টিটিউট অব ফ্যাশন এন্ড টেকনোলজি-তে ১ম বর্ষ বিএসসি (অনার্স) ইন ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি কোর্সে ভর্তিচ্ছুদের মাধ্যমিক বা সমমান এবং উচ্চ মাধ্যমিক বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৫.৫০ থাকতে হবে; তবে মাধ্যমিক বা সমমান ও উচ্চ মাধ্যমিক বা সমমান উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ২.৫০ পেতে হবে।

(খ) ভর্তি পরীক্ষার মানবন্টন: ভর্তি পরীক্ষায় লিখিত পরীক্ষার মান ৫০ নম্বর এবং পাস নম্বর ২০। ভর্তি পরীক্ষায় বিজ্ঞান গ্রুপের ছাত্র/ছাত্রীদের জন্য বাংলা ১০, ইংরেজি ১০, পদার্থবিদ্যা ১০, রসায়ন ১০ এবং গণিত বিষয়ে ১০ নম্বরের উত্তর দিতে হবে। অন্যান্য গ্রুপের ছাত্র/ছাত্রীদের বাংলা ১০, ইংরেজি ১০ এবং সাধারণ জ্ঞান বিষয়ে ৩০ নম্বরের উত্তর দিতে হবে। উচ্চ মাধ্যমিক বিজ্ঞান গ্রুপে যাদের গণিত বিষয় নাই তাদের সাধারণ জ্ঞান বিষয়ে উত্তর দিতে হবে। লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে মাধ্যমিকের মোট জিপিএ'র ৪০% ও উচ্চ মাধ্যমিকের মোট জিপিএ'র ৬০% যোগ করে সর্বমোট ৬০ নম্বরে ফলাফল চূড়ান্ত করে উত্তীর্ণ তালিকা তৈরী করা হবে। উক্ত তালিকা থেকে মোট আসন সংখ্যা অনুযায়ী চূড়ান্ত নির্বাচিত মেধা তালিকা ও অপেক্ষামাণ তালিকা মেধাক্রমানুসারে প্রস্তুত করে ফলাফল প্রকাশ করা হবে।

৩। আবেদন ফরমের সাথে মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার ট্রান্সক্রিপ্টের সত্যায়িত কপি জমা দিতে হবে এবং দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি সংযুক্ত করে দিতে হবে।

৪। এমসিকিউ পদ্ধতিতে পরীক্ষা নেয়া হবে এবং পরীক্ষার সময়কাল ৩০ মিনিট।

৫। <u>ভর্তি পরীক্ষার সময়সূচি :</u>

| | |
|---|---|
| ভর্তি পরীক্ষার তারিখ | ১৬ ফেব্রুয়ারি ২০১৬ |
| ভর্তি পরীক্ষার স্থান | চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় |
| ভর্তি পরীক্ষার সময় | সকাল ১০:৩০টা থেকে ১১:০০টা |

হেলপ লাইন: ০১৮১৮-৩৫৮৯৬৯, ০১৭০১-৭৩২১০০, (সকাল ৯:০০ টা হতে বিকাল ৫:০০টা পর্যন্ত) বিস্তারিত তথ্যাদি চ.বি. ওয়েবসাইটে (www.cu.ac.bd) পাওয়া যাবে।

(এস.এম. আকবর হোছাইন)
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)
রেজিস্ট্রার দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
ও সদস্য সচিব, অধিভুক্ত (মেডিকেল ও ডেন্টাল কলেজ ব্যতীত) কলেজ/ইনস্টিটিউটসমূহের ভর্তি কমিটি।

পিএক-১১২৯-৭১/১৬ (৬"×৩)